

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৯৩. কিভাবে পবিত্র হবে

بَابُ: الطُّهْر كَيْفَ هُوَ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ عَنْ صَاحِبَتِهِ فَاطِمَةَ بِنْتِ مُحَمَّدٍ وَكَانَتْ فِي حِجْرِ عَمْرَةَ قَالَتْ أَرْسَلَتْ امْرَأَةٌ مِنْ قُرَيْشٍ إِلَى عَمْرَةَ بِكُرْسُفَةِ قُطْنٍ مُحَمَّدٍ وَكَانَتْ فِي حِجْرِ عَمْرَةَ قَالَتْ أَرْسَلَتْ امْرَأَةٌ مِنْ الْحِيضَةِ إِلَّا هَذَا أَنْ قَدْ طَهُرَتْ فَيْهَا كَالصَّفْرَةِ تَسْأَلُهَا هَلْ تَرَى إِذَا لَمْ تَرَ الْمَرْأَةُ مِنْ الْحِيضَةِ إِلَّا هَذَا أَنْ قَدْ طَهُرَتْ فَقَالَتْ لَا حَتَّى تَرَى الْبَيَاضَ خَالِصًا

إسناده ضعيف محمد بن إسحاق قد عنعن وهو مدلس

বাংলা

৮৮৪. আব্দুল্লাহ ইবনু আবী বাকর থেকে বর্ণিত, তিনি তার স্ত্রী ফাতিমাহ বিনতে মুহাম্মদ হতে বর্ণনা করেন। আর ফাতিমা আমরাহ'র কোলে প্রতিপালিত হয়েছিলেন। তিনি বলেন, আমি কুরাইশদের এক মহিলাকে আমরাহ'র নিকট তুলার পুটলি পাঠিয়েছিলাম- যা হলুদ রং ধারণ করেছিল। সে তাকে জিজ্ঞেস করতো: যখন কোনো মহিলা হায়িযের রক্তস্রাব না দেখে কেবল এটা (হলুদ বর্ণ) দেখে, তাহলে কি সে পবিত্র হয়ে গেছে বলে আপনি মনে করেন? তিনি বলেন: না, যতক্ষণ সে পুরোপুরি সাদা বর্ণ না দেখবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। মুহাম্মদ ইবনু ইসহাক মুদাল্লিস, তিনি এটি 'আন'আন পদ্ধতিতে বর্ণনা করেছেন। ফাতিমাহ বিনতে মুহাম্মদ ইবনু ইসহাকর স্ত্রী ছিলেন, যিনি আয়িশার গৃহে লালিত পালিত হয়েছিলেন- আমরা যতদূর জানতে পেরেছি।

তাখরীজ: বাইহাকী ১/৩৩৬; পরবর্তী হাদীসটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আবী বাকর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন